



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৬ আগস্ট ২০২২

বাউবিতে জাতীয় শোক দিবসে আলোচনা সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ১৫ আগস্ট সোমবার সন্ধ্যায়; বাউবি বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদতবার্ষিকী উপলক্ষে “বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা: কিছু প্রাসঙ্গিক ভাবনা” শীর্ষক জুম ওয়েবিনারে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান আলোচক প্রাজ্ঞ শিক্ষক, গবেষক এবং প্রতিভাশালী শিক্ষাবিদ বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. খন্দকার বজলুল হক বলেন, দেশের জনগণের প্রতি ছিল বঙ্গবন্ধুর অগাধ ভালোবাসা এবং তাঁর চেয়েও ছিল গভীর বিশ্বাস। দেশি বিদেশী অপ শক্তি বঙ্গবন্ধুর হত্যায় জড়িত ছিল। ষড়যন্ত্রকারীরা বঙ্গবন্ধু চেতনা এবং বাংলাদেশকে হত্যা করতে চেয়েছিল। বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র এখনো থেমে নেই। তিনি সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহবান জানান। রাজনৈতিক ও নৈতিক দায়িত্ব বঙ্গবন্ধুর হত্যার বিচার করে তাঁর অসমাপ্ত কাজগুলোকে সমাপ্ত করা। বঙ্গবন্ধু বাঙালির সাংস্কৃতিক স্বাধীনতা এবং বৈষম্যহীন সমাজের স্বপ্ন দেখতেন। তিনি দেশকে সোনার বাংলা গড়ে তোলার যে স্বপ্ন দেখেছিলেন তা বাস্তবায়নে আগামী প্রজন্মকে দেশ প্রেমে উদ্বুদ্ধ করণে আহবান জানান।

সভায় প্রধান অতিথি বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও ১৫ আগস্টের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।



তিনি বলেন, বঙ্গবন্ধুর জন্যই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ আত্ম প্রকাশ করেছিল এবং আত্মমর্যাদা নিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। তিলে তিলে আত্মত্যাগের মাধ্যমে বঙ্গবন্ধু স্বাধীনতার জন্য ক্ষেত্র প্রস্তুত করেছিলেন। বঙ্গবন্ধু চিরকাল তাঁর কর্মের কারণে মহান থেকে যাবেন। বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে কাজ করলে সোনার বাংলা বাস্তবায়ন সম্ভব। তিনি বেঁচে থাকলে অনেক আগেই সোনার বাংলা বাস্তবায়ন হয়ে যেত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে সতর্ক থেকে সোচ্চার হওয়ার আহবান জানান। তিনি নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শে উদ্ভাসিত করার আহবান জানান।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউবির বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম। প্যানেলিস্টে ছিলেন রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের নির্বাহী কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না।

উদ্দিন

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪